ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫০১২
আগরতলা, ৩১ জানুয়ারি, ২০২৬

**রাজ্যপালের সঙ্গে ত্রিপুরা সফররত**
**ছাত্রছাত্রীদের সৌজন্য সাক্ষাৎ**



ত্রিপুরা সফররত বিহার এবং গুজরাটের ছাত্রছাত্রীরা আজ সন্ধ্যায় লোক ভবনে এসে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। অষ্টলক্ষ্মী দর্শন ইয়ুথ এক্সচেঞ্জ প্রোগ্রামে এই ছাত্রছাত্রীরা ত্রিপুরা সফরে এসেছে। তাদের সঙ্গে কথা বলার সময় রাজ্যপাল ত্রিপুরার ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি বিষয়ে তাদের বিস্তারিত অবহিত করেন। বিকশিত ভারত কর্মসূচিতে তাদের সক্রিয় অংশগ্রহণের জন্য রাজ্যপাল ছাত্রছাত্রীদের পরামর্শ দেন। আগরতলা এনআইটি'র অধিকর্তা ড. শরৎ কুমার পাত্রা এবং অন্যান্য অধ্যাপক অধ্যাপিকাগণ সৌজন্য সাক্ষাৎকারের সময় উপস্থিত ছিলেন। লোক ভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****